

## হাল ফ্যাশনের ব্যাগ



### ● সাইমা ইসলাম তন্দ্রা

**স**াজ-পোশাকের ব্যাপারে মেয়েরা সব সময়ই একটু বেশি সচেতন। পোশাকের সঙ্গে অনুষ্ণের ক্ষেত্রেও কম যায় না। আর সেটা যদি হয় ব্যাগ, তাহলে তো কথাই নেই! কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে পার্টি এবং বিভিন্ন অনুষ্ঠানেও মেয়েদের সঙ্গী ব্যাগ। কয়েক বছর আগেও একে সাধারণ প্রয়োজন বলে মনে করা হতো, আজ তা ফ্যাশনে পরিণত হয়েছে। এ কারণেই মেয়েদের প্রথম লুকটা হচ্ছে ব্যাগ। ভ্রমণ, আড্ডা এবং ক্যাম্পাসে তরুণীরা কেমন ব্যাগ ব্যবহার করছেন সেটাও এখন দেখার বিষয়। সেদিকে লক্ষ্য রেখেই বাজারে আছে বিভিন্ন ধরনের ব্যাগের সমারোহ। সেখানে আছে বিভিন্ন ডিজাইন, কালার এবং সাইজের ব্যাগ। আছে লেদার, রেশ্মিন, কাপড় এবং প্লাস্টিকের ব্যাগ। কালারফুল ব্যাগগুলো চাইলে ড্রেসের সঙ্গে ম্যাচিং করেও ব্যবহার করা যায়।

### টোটি ব্যাগ

নারীদের কাছে এখন সবচেয়ে জনপ্রিয় হলো টোটি ব্যাগ। আকৃতিতে একটু বড় এই ব্যাগের হাতটা একটু ছোট হয়ে থাকে। আর সেই হাতলের ফাঁক গলিয়ে হাতে প্রবেশ করানোটাই এখন জনপ্রিয় ফ্যাশন। বিশ্বের অনেক দেশেই এই ব্যাগ খুব জনপ্রিয়। টোটি ব্যাগ সাধারণত কাপড় বা চামড়ার হয়ে থাকে। তবে এখন নানা সিনথেটিক সামগ্রী দিয়েও তৈরি হয়ে থাকে নানা ধরনের টোটি ব্যাগ। ট্র্যাডিশনাল কামিজের সঙ্গে টোটি ব্যাগ সবচেয়ে মানানসই। তবে জিন্স, ফতুয়া, টি-শার্ট এসবের সঙ্গেও টোটি ব্যাগ চলে বেশ। প্রিন্টেড লেদারের টোটি ব্যাগ এখন জনপ্রিয় স্টাইল, যা মানাবে শুধুই টি-শার্ট কিংবা ফতুয়ার সঙ্গে জিন্স পরলে। টোটি ব্যাগ ইচ্ছা করলে শাড়ির সঙ্গেও মানিয়ে নিতে পারেন, যদি রঙ আর আকৃতি ম্যাচ করে।

### ম্যাসেঞ্জার ব্যাগ

হালের জনপ্রিয় আর স্টাইলিশ ব্যাগ হলো ম্যাসেঞ্জার ব্যাগ। কাঁধের এক পাশ দিয়ে ঝোলানো এই ব্যাগ এখন হিপহপ স্টাইলের সনদপ্রাপ্ত। তরুণ বয়সীদের কাছে এ ধরনের ব্যাগ খুবই প্রিয়। হিপহপ পোশাকের সঙ্গে মানানসই এই ব্যাগ। কিন্তু চামড়ার তৈরি বেশ কিছু ম্যাসেঞ্জার ব্যাগ পাওয়া যায় যেগুলো পুরোদস্তুর ফরমাল। আর তাই ফরমাল পোশাক-আশাকের সঙ্গেও মানিয়ে যাবে ম্যাসেঞ্জার ব্যাগ। মেয়েরা সালোয়ার-কামিজ, ফতুয়া, জিন্স,

শার্ট, কামিজ ইত্যাকার পোশাকের সঙ্গে ম্যাসেঞ্জার ব্যাগ ব্যবহার করতে পারেন।

### পার্স

পার্স যেন না হলেই চলে না মেয়েদের। এই পার্সের সংজ্ঞা কিন্তু একেই সময় একেই রকম। অর্থাৎ আকৃতিগত পার্থক্য খুব বেশি হওয়ায় অনেক সময় ছোট টোটি ব্যাগও কিন্তু পার্স গোত্রাধীন হয়ে থাকে। আবার ভাঁজ করে প্যাকটের পকেটে রাখা যায় এমন ব্যাগও কিন্তু পার্স। পার্স হতে পারে পার্টি কিংবা ক্যাজুয়াল সব ধরনের। শাড়ি কিংবা গর্জিয়াস কামিজের সঙ্গে হাতে ম্যাচ করা ঝলমলে পার্স না থাকলেই নয়।



### ন্যাপস্যাক

টিনএজারদের জন্য একটি স্টাইলিশ ব্যাগ হচ্ছে ন্যাপস্যাক। কাপড় কিংবা চামড়া দুটো দিয়েই এই ব্যাগ তৈরি হতে পারে। এই ব্যাগের কোনো আলাদা লুক সিস্টেম থাকে না। শুধু দড়ি দিয়ে মুখটা পেঁচানো থাকে। এখানে আলাদা কোনো পকেটও থাকে না। দামে কম হওয়ায় চাইলেই ড্রেসের সঙ্গে মিল রেখে ইচ্ছামতো ন্যাপস্যাক কেনা যেতে পারে। আর ন্যাপস্যাক যেহেতু একটু রাফ অ্যান্ড টাফ স্টাইল- তাই জিপ্সের সঙ্গে ব্যবহার করলেই বেশি মানাবে।

### ব্যাকপ্যাক

স্কুল বা কলেজ পড়ুয়া ছেলেমেয়েদের কাঁধে বইভর্তি এই ব্যাকপ্যাকের দেখা পাওয়া যায়। সেই সঙ্গে অনেকে বেড়াতে গেলেও এ ধরনের ব্যাগ ব্যবহার করে থাকেন। এ ধরনের ব্যাগের সবচেয়ে বড় সুবিধা হলো, এটা আঁটসাঁট হয়ে শরীরের সঙ্গে ঝুলে থাকে। ইদানীং অনেক স্টাইলিশ ধরনের ব্যাকপ্যাক বাজারে এসেছে। পাশ্চাত্যের কায়দায় এসব ব্যাকপ্যাকে এক সঙ্গে প্রয়োজনীয় সবকিছু নেয়া সম্ভব। ■